দৈনিক
ইত্তেফাক

তারিখ 18 AUG 2017
পৃষ্ঠা ২ কলাম ৫

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষা স্থগিত

■ গাজীপুর প্রতিনিধি

দেশে বন্যার কারণে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১৯, ২০ ও ২১ আগস্টের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষা স্থগিত করা হয়েছে। স্থগিতকৃত পরীক্ষাসমূহের সময়সূচি পরবর্তিতে জানানো হবে। বৃহস্পতিবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতরের ভারপ্রাপ্ত পরিচালক মো. ফয়জুল করিম এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছেন।

এর আগে একই কারণে গত সোমবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৬ ও ১৭ আগস্ট তারিখের শুধু ২০১৫ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স (পুরাতন সিলেবাস) পরীক্ষাও স্থগিত করা হয়।